



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Website: www.akcc.gov.bd



দুলালাপলী ০২৪৭৭-৭২২৬১৮
E-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির লক্ষ্যে পুনরায় ২য় ধাপে অনলাইন আবেদন সংক্রান্ত পুনঃসংশোধিত বিজ্ঞপ্তি

- ১। আবেদনকারীকে দেশের যে কোন শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় অথবা মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০২৪ অথবা ২০২৫ অথবা ২০২৬ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ২। ন্যূনতম জি,পি,এ ৩.৫০। ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান ও মানবিক গ্রুপ হতে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে।
- ৩। অনলাইনে আবেদনের জন্য ওয়েব এর ঠিকানাঃ www.xiclassadmission.gov.bd এবং কলেজের EIIN NO-117165
- ৪। শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ)টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যত গুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটিমাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।
- ৫। অনলাইন ভর্তির জন্য পেমেন্ট অপারেটর: 1.Teletalk

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে নিশ্চায়ন করতে পারেনি কিংবা কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি;
- ৩। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ভুল কোটা নির্ধারণ করায় কলেজে ভর্তি হতে পারেনি।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি সংক্রান্ত সিডিউল:


ক্রমিক	বিষয়	তারিখ
১	২য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ	২৭/০৯/২০২৬ (রবিবার) থেকে ০১/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০টা পর্যন্ত)
২	২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	০৫/১০/২০২৬ (সোমবার রাত ৮:০০ টা)
৩	শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ০৮/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত)
৪	পছন্দক্রম অনুযায়ী শুধুমাত্র ২য় ধাপে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের ফল প্রকাশ	০৯/১০/২০২৬ (শুক্রবার রাত ৮:০০ টা)
৫	ভর্তি	১১/১০/২০২৬ (রবিবার) থেকে ১৩/১০/২০২৬ (মঙ্গলবার)


বিঃ দ্রঃ উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি ২য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি (২২০/-) জমা দিতে হবে না। এ ধরনের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। ২য় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দেয়া এবং সিলেকশনপ্রাপ্ত কলেজে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

ভর্তির বিষয় সমূহ: সকল শাখার আবশ্যিক বিষয়: ১. বাংলা (১০১, ১০২) ২. ইংরেজি (১০৭, ১০৮)
৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)

শাখা	শাখা ভিত্তিক আবশ্যিক ৩ টি বিষয়	শাখা ভিত্তিক ঐচ্ছিক ১টি বিষয়
ব্যবসায় শিক্ষা	৪. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮) ৫. হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪) ৬. ফিন্যান্স এন্ড ব্যাংকিং (২৯২, ২৯৩) অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন ২৮৬, ২৮৭)	ফিন্যান্স এন্ড ব্যাংকিং (২৯২, ২৯৩) অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন (২৮৬, ২৮৭) অথবা অর্থনীতি (১০৯, ১১০)
ভর্তির বিজ্ঞপ্তি কলেজ ওয়েব সাইট www.akcc.gov.bd পাওয়া যাবে		

বিঃদ্র: শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে “একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬” এর সকল বিধি বিধান প্রযোজ্য হবে।


প্রফেসর মোঃ রফিকুল ইসলাম (০৬২৯৩)
অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা


আহবায়ক
একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২৬-২০২৭
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা

